গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন
১ম ১২তলা সরকারি অফিস ভবন
সেগুনবাগিচা, ঢাকা

নং-২৬.০১.০০০০.০১৫.০৬.০০২.২২-৭০

তারিখ: ১৫ মাঘ, ১৪২৯
২৯ জানুয়ারি, ২০২৩

**বিষয়: তথ্য অধিকার (RTI) সংক্রান্ত কর্মপরিকল্পনার ১.২ কার্যক্রম (স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ) এর প্রতিবেদন ছক।**

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন এর স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য ২৯ ডিসেম্বর ২০২২ তারিখে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

স্বাক্ষর: 29/01/2023

মোবাইল নম্বর: ০১৭১১২৪২৮২৩

সিল মোঃ মশিউল আলম
যুগ্ম প্রধান (চঃ দাঃ)
বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন
বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।

অফিস প্রধানের প্রতিস্বাক্ষর: স্বাক্ষর: 29/01/2023

সিল মাহফুজা আখতার
চেয়ারম্যান (সচিব)
বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৭.১.২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন

১ম ১২ তলা সরকারি অফিস ভবন,সেগুনবাগিচা,ঢাকা।

www.btc.gov.bd

অবিলম্বে

সীমিত

স্মারক নম্বর: ২৬.০১.০০০০.০১৫.১৮.০০৩.১৮.২০৯

তারিখ: ৪ পৌষ ১৪২৯

১৯ ডিসেম্বর ২০২২

বিষয়: **আবেদনের ভিত্তিতে নভেম্বর ২০২২ মাসের তথ্য অবমুক্তকরণ সংক্রান্ত প্রতিবেদন।**

সূত্র: বানিজ্য মন্ত্রণালয়ের ২৭ জুলাই ২০২২ তারিখের ২৬.০০.০০০০.০৮৯.০৬.০০২.২২-২৬৩ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, তথ্য অধিকার আইনের আওতায় তথ্য প্রাপ্তির ফরমে কোন আবেদন না পাওয়ায় কমিশনের তথ্য অবমুক্তকরণ নীতিমালা অনুসারে নভেম্বর ২০২২ মাসে চাহিদার ভিত্তিতে কোন তথ্য অবমুক্ত করা যায়নি। এমতাবস্থায়, নিম্নপ্রদত্ত নির্ধারিত ছক মোতাবেক নভেম্বর ২০২২ মাসে এসংক্রান্ত শূন্য প্রতিবেদন প্রেরণ করা হলো।

| ক্রম | বিগত মাস শেষে অনিষ্পন্ন আবেদনের সংখ্যা | চলতি মাসে প্রাপ্ত আবেদনের সংখ্যা | চলতি মাসে নিষ্পন্ন আবেদনের সংখ্যা | মাস শেষে মোট অনিষ্পন্ন আবেদনের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | শূন্য | শূন্য | শূন্য | শূন্য |

১৯-১২-২০২২

সৈয়দ ইরতিজা আহসান

সচিব

ফোন: ৫৮৩১০৩৩২

ফ্যাক্স: ৮৩৯১১৮৬

ইমেইল: secretary@btc.gov.bd

সিনিয়র সচিব, বানিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন

তথ্য অধিকার বিষয়ে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক অগ্রগতির প্রতিবেদন (জুলাই ২০২২-ডিসেম্বর ২০২২)

| কর্ম সম্পাদনের ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | সূচক | সূচকের মান | লক্ষ্যমাত্রা (অসাধারণ) | একক | ১ম ত্রৈমাসিকের অগ্রগতি | ২য় ত্রৈমাসিকের অগ্রগতি | অর্ধবার্ষিক অগ্রগতি (১ম+২য়) | ৩য় ত্রৈমাসিকের অগ্রগতি | ৪র্থ ত্রৈমাসিকের অগ্রগতি | বার্ষিক চূড়ান্ত অগ্রগতি (১ম+২য়+৩য়+৪র্থ) | দাবিকৃত নম্বর | প্রদত্ত প্রমানক |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| প্রাতিষ্ঠানিক | ১০ | [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | [১.১.১] নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | ০৬ | ১০০% | % | ১০০% | ১০০% | ১০০% | | | | ০৬ | স্বাক্ষরিত প্রতিবেদন |
| | | [১.২] স্বত:প্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | [১.২.১] হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রকাশিত | ০৪ | ৩১-১২-২০২২ | তারিখ | - | ২৯/১২/২০২২ তারিখে (হালনাগাদকৃত ওয়েবসাইট) | হালনাগাদকৃত ওয়েবসাইট | | | | ০৪ | হালনাগাদকৃত ওয়েবসাইটের স্ক্রীন শট |
| সক্ষমতা বৃদ্ধি | ১৫ | [১.৩] বার্ষিক প্রতিবেদন প্রকাশ | [১.৩.১] নির্ধারিত সময়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশিত | ০৩ | ১৫-১০-২০২২ | তারিখ | - | ১৩/১০/২০২২ তারিখে প্রকাশিত | ১৩/১০/২০২২ তারিখে প্রকাশিত | | | | ০৩ | লিংক: http://www.btc.gov.bd/site/view/annual_reports |
| | | [১.৪] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/হালনাগাদকরণ | [১.৪.১] তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুতকৃত/হালনাগাদকৃত | ০৩ | ৩১-১২-২০২২ | তারিখ | - | ২৮/১২/২০২২ তারিখে হালনাগাদকৃত | ২৮/১২/২০২২ তারিখে হালনাগাদকৃত | | | | ০৩ | ডিসেম্বর/২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণিতে লিপিবদ্ধ |

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | [১.৫] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ | [১.৫.১] প্রচার কার্যক্রম সম্পন্ন | ০৪ | ৩ | সংখ্যা | লিফলেট প্রণয়ন ও বিতরণ | পোস্টার প্রণয়ন ও প্রচার | ০২টি প্রচার কার্যক্রম সম্পন্ন | | | | ০২ | প্রণয়নকৃত লিফলেট ও পোস্টার |
| | | [১.৬] তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বত:প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [১.৬.১] প্রশিক্ষণ আয়োজিত | ০৩ | ৩ | সংখ্যা | ০১টি প্রশিক্ষণ আয়োজিত | ০১টি প্রশিক্ষণ আয়োজিত | ০২টি প্রশিক্ষণ আয়োজিত | | | | ০২ | ০২টি প্রশিক্ষণের অফিস আদেশ |
| | | [১.৭] তথ্য অধিকার সংক্রান্ত প্রত্যেকটি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ে ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবক্সে প্রকাশ | [১.৭.১] ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবক্সে প্রকাশিত | ০২ | ৪ | সংখ্যা | ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | ০২টি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | | | | ০১ | ১ম ও ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন |

(মো: ময়েন উদ্দিন মোল্লা)
পাবলিক রিলেশন এন্ড পাবলিকেশন অফিসার (অ:দা:)
ও
সদস্য-সচিব
তথ্য অধিকার বাস্তায়ন সংক্রান্ত কমিটি

**বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন**
সেগুনবাগিচা, ঢাকা।
প্রশাসন শাখা

**বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের নভেম্বর ২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মাহফুজা আখতার<br>চেয়ারম্যান |
| সভার তারিখ | : | ২৬ ডিসেম্বর ২০২২ |
| সভার সময় | : | দুপুর ০২.৩০ টা |
| স্থান | : | কমিশনের সভাকক্ষে |
| উপস্থিতি | : | তালিকা সংযুক্ত |

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। বিগত ২৬ ডিসেম্বর ২০২২ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ওপর সকলের মতামত আহ্বানের পর কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতভাবে দৃঢ় করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী পরবর্তী কার্যক্রম পরিচালনার জন্য কমিশনের সচিবকে অনুরোধ জানানো হয়। কমিশন সচিব বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি উপস্থাপন করেন। সভার আলোচ্যসূচি অনুসারে নিম্নবর্ণিত বিষয়সমূহের ওপর বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**প্রশাসন উইং**

| ক্রম. | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১. | বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের পেনশন সুবিধা প্রবর্তন। | খসড়া পেনশন বিধিমালা ২৫ অক্টোবর ২০২২ তারিখে বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বর্তমানে অর্থ মন্ত্রণালয়ে বিবেচনাধীন আছে। যোগাযোগ অব্যাহত আছে।<br>(২) অন্যান্য সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য ২৫ অক্টোবর ২০২২ তারিখে কমিশনের হিসাব শাখায় পত্র দেওয়া হয়েছে। কার্যক্রম অব্যাহত আছে। | অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সদস্য (আস)<br>ও<br>কমিশন সচিব |
| ০২. | কমিশনের জনবল বৃদ্ধিসহ দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সাংগঠনিক কাঠামো, চাকরি বিধিমালা, ১৯৯৩ সংশোধন ও কমিশনের আইন সংশোধন। | কমিশনের সাংগঠনিক কাঠামো সংশোধনপূর্বক কমিটি কর্তৃক প্রতিবেদন চেয়ারম্যান মহোদয় বরাবর দাখিল করা হয়েছে। পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। | কমিটি কর্তৃক সাংগঠনিক কাঠামো সম্পর্কিত প্রতিবেদন পাওয়ার পরে কমিশন সভায় উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |
| ০৩. | শাখা পরিদর্শন | কমিশনের সদস্য (বা. নী.) মহোদয় ১০ নভেম্বর ২০২২ তারিখে শাখা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করেছেন। কর্মকর্তাগণ কর্তৃক পরিদর্শনপূর্বক প্রেরিত সুপারিশসমূহ বাস্তবায়ন হচ্ছে। | কর্মকর্তাগণ নিয়মিত শাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণ করবেন। নিয়মিত শাখা পরিদর্শনের সুপারিশ বাস্তবায়নের বিষয়ে পর্যালোচনা সভার আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা<br>ও<br>প্রশাসন শাখা |
| ০৪. | কমিশনের ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন। | বিজি প্রেস থেকে বার্ষিক প্রতিবেদনের ২য় প্রুফ কপি সংগ্রহ করা হয়েছে। অধিকতর যাচাই বাছাই করে দ্রুত প্রিন্টিং এর জন্য পুনরায় বিজি প্রেসে প্রেরণ করা হবে। | বার্ষিক প্রতিবেদনে ২য় প্রুফ কপি বিজি প্রেসে প্রেরণের ব্যবস্থা করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি<br>ও<br>পিআর এন্ড পিও |

| ক্রম. | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৫. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন। | নভেম্বর ২০২২ মাসে কর্মপঞ্জিকা অনুযায়ী প্রশিক্ষণ, সেমিনার, সমীক্ষা প্রতিবেদন, সভা বাস্তবায়নের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। | (১) APA বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।<br>(২) সভায় উপস্থাপিত মাসিক কর্মপরিকল্পনা অনুযায়ী সংশ্লিষ্ট সকলকে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | APA বাস্তবায়ন কমিটি ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ |
| ০৬. | জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) প্রণয়ন ও বাস্তবায়ন | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ ২য় ত্রৈমাসিক কার্যক্রম যথানিয়মে ও যথাসময়ে সম্পন্ন করার কাজ অব্যাহত আছে। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত ২য় ত্রৈমাসিক কার্যক্রম যথা নিয়মে ও যথাসময়ে সম্পন্ন করতে হবে। উক্ত কার্যক্রম ফোকাল পয়েন্ট কর্মকর্তা তদারকি করবেন। | NIS বাস্তবায়ন কমিটি |
| ০৭. | কমিশনের বিরুদ্ধে চলমান মামলা সংক্রান্ত | কমিশনের বিরুদ্ধে ০১টি আপিল ও ০১টি রীট মামলা চলমান রয়েছে। কমিশন ১টি মামলা হেরে যাওয়ায় প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে আপিল করেছে। মামলাগুলো শুনানী হলে নিষ্পত্তি হবে। কমিশনের সহকারী প্রধান (চঃ দাঃ) ও মামলার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মহিনুল করিম খন্দকার এ বিষয়ে তদারকি করবেন। | কমিশনের বিরুদ্ধে চলমান মামলাগুলো বিজ্ঞ আদালতে গিয়ে তদারকি এবং মামলার শুনানীর দিন ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপস্থিত থেকে দায়িত্ব পালন করবেন। | সদস্য (বা. নী.) ও কমিশন সচিব |
| ০৮. | ওয়েবসাইট এর তথ্যাদি নিয়মিত হালনাগাদকরণ | কমিশন-এর ওয়েবসাইট হালনাগাদকরণ সংক্রান্ত রিভিউ কমিটি কর্তৃক ২৪ অক্টোবর ২০২২ তারিখে সভা অনুষ্ঠানপূর্বক প্রতিবেদন প্রদান করা হয়েছে। কার্যক্রম অব্যাহত থাকবে। | প্রতিবেদনের সুপারিশসমূহ বাস্তবায়ন করতে হবে। ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। প্রত্যেক কর্মকর্তা কমিশন-এর ওয়েবসাইট নিয়মিত পরিদর্শন করবেন। রিভিউ কমিটি প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর ওয়েবসাইট পর্যবেক্ষণ করে প্রতিবেদন প্রেরণ করবেন এবং ওয়েবসাইটে তথ্যাদি হালনাগাদ অব্যাহত রাখতে হবে। | কমিশন সচিব ও ওয়েবসাইট রিভিউ কমিটি |
| ০৯. | (ক) দাপ্তরিক ই-মেইলের ব্যবহার | কমিশন-এর সকল কর্মকর্তা দাপ্তরিক কাজে অফিসিয়াল ই-মেইল ব্যবহার করছেন। | কমিশনের সকল কর্মকর্তাকে অফিসিয়াল ই-মেইল আইডি ব্যবহার করতে হবে। | সকল কর্মকর্তা |
| ১০. | (খ) ই-ফাইলিং এর ব্যবহার | কমিশন-এর সকল বিভাগকে শতভাগ ই-ফাইলে কাজ নিষ্পন্ন করার কার্যক্রম অব্যাহত আছে। | ই-ফাইলিং এর ব্যবহার শতভাগ নিশ্চিত করণের লক্ষ্যে সকল উইং ই-ফাইলে কার্যক্রম সম্পন্ন করবে। | সকল কর্মকর্তা ও সংশ্লিষ্ট কর্মচারী |

| ক্রম. | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১১. | ই-টেন্ডারিং | ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী ই-টেন্ডারিং এর মাধ্যমে ৫০% কার্যক্রম সম্পাদনের বাধ্যবাধকতা রয়েছে। সে অনুযায়ী ক্রয় পরিকল্পনা প্রণয়ন করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। কার্যক্রম অব্যাহত আছে। | বার্ষিক ক্রয়পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | কমিশন সচিব |
| ১২. | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) | প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে বাণিজ্য মন্ত্রণালয়ে এতদসংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে ও GRS Software এ সদস্য (আ. স.) মহোদয়কে একসেস দেয়া হয়েছে। বিগত মাসে ০৩টি অভিযোগের মধ্যে ০১টি প্রতিকার করা হয়েছে এবং ০২টির কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। উল্লেখ্য, GRS বিষয়ক একটি প্রশিক্ষণ ১১ অক্টোবর ২০২২ তারিখে কমিশনে অনুষ্ঠিত হয়েছে। | প্রাপ্ত অভিযোগ বিধি/আদেশ মতে নির্ধারিত সময়ে নিষ্পত্তি করতে হবে। | GRS সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ১৩. | তথ্য অধিকার বাস্তবায়ন (RTI) | RTI সংক্রান্ত প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে বাণিজ্য মন্ত্রণালয়ে নিয়মিত প্রেরণ করা হচ্ছে। | RTI সংক্রান্ত প্রতিবেদন প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে বাণিজ্য মন্ত্রণালয়ে নিয়মিত প্রেরণ অব্যাহত রাখতে হবে এবং RTI সংক্রান্ত বিষয়গুলো কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত করতে হবে। | তথ্য প্রদান কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তা |
| ১৪. | তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/ হালনাগাদকরণ | ২০২২-২০২৩ অর্থবছরের তথ্য অধিকার কর্মপরিকল্পনা অনুযায়ী কমিশনের সকল হার্ড নথির ক্যাটালগ ও ইনডেক্স হালনাগাদকরণের জন্য সকল বিভাগ/শাখাকে পত্র প্রেরণ করা হয়। পত্রের ছক অনুযায়ী হার্ড নথির ক্যাটালগ ও ইনডেক্স প্রণয়নের কাজ করছে। | ২৮ ডিসেম্বর, ২০২২ এর মধ্যে তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স হালনাগাদকরণের কাজ সমাপ্ত করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |
| ১৫. | অডিট কার্যক্রম | গত ২০১৮-২০২১ পর্যন্ত উপস্থাপিত ০৬টি (Non SFI) অডিট আপত্তির মধ্যে ১১,০৩,২৫৮/- টাকার ০৩টি অডিট আপত্তি নিষ্পত্তি করে বাণিজ্যিক অডিট অধিদপ্তর ১১ ডিসেম্বর ২০২২ তারিখে পত্র জারি করেছে। অবশিষ্ট ১২,২৯,২৪২/- টাকার ০৩টি অডিট আপত্তির ব্যয়োত্তর অনুমোদন ও প্রমাণকসহ পুন:জবাব প্রেরণের জন্য অনুরোধ জানিয়েছেন।<br>সদস্য (বা. প্র.) মহোদয়ের পরামর্শ ও বাণিজ্যিক অধিদপ্তেরর পত্র নং- ১৮৪৬ তারিখ- ০৪ ডিসেম্বর ২০২২ এর প্রেক্ষিতে কমিশনের নিজস্ব কোন আয় না থাকাসহ দৈনন্দিন কোন বাহ্যিক লেনদেন না থাকায় FRC কর্তৃক আর্থিক বিবরণী প্রস্তুতকরণ ভিত্তি "Level 2: Simplified IFRC" এর স্থলে কমিশনের জন্য "Level 5 Cash Basis" প্রতিস্থাপিত হবে মর্মে ১৮ ডিসেম্বর ২০২২ তারিখে চেয়ারম্যান ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল ও বাণিজ্যিক | ১) অডিট কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>২) অডিট অধিদপ্তরের সাথে প্রয়োজনীয় পত্রযোগাযোগ অব্যাহত রাখতে হবে। Level- 5 অনুযায়ী কাজ করতে হবে।<br>৩) অবশিষ্ট ০৩টি অডিট আপত্তির মধ্যে ০১টি আপত্তির ব্যয়োত্তর অনুমোদনের লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং অন্য ০২টি অডিট আপত্তির নিষ্পত্তিমূলক জবাব প্রমাণকসহ বাণিজ্যিক অডিট অধিদপ্তরে প্রেরণ করা হবে। | হিসাবরক্ষণ কর্মকর্তা |

| ক্রম. | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৫. | কমিশনের কর্মকর্তা ও কর্মচারীদের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠান | কমিশনের কর্মকর্তা ও কর্মচারীদের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে কমিশনের সদস্য জনাব শীষ হায়দার চৌধুরী, এনডিসি মহোদয়কে আহ্বায়ক করে সার্বিক ব্যবস্থাপনা কমিটি গঠন ও বিভিন্ন উপকমিটি গঠন করা যেতে পারে। | কমিশনের কর্মকর্তা ও কর্মচারীদের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে দ্রুত সার্বিক ব্যবস্থাপনা কমিটি ও বিভিন্ন উপকমিটি গঠনের ব্যবস্থা করতে হবে। | প্রশাসন উইং |

**বিবিধ:**

| ক্রম | বিষয় | আলোচনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | বিবিধ বিষয়াবলি | (ক) বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক পরিস্থিতি/অভিঘাতের প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃচ্ছ্সাধনের নিমিত্ত বিদ্যুৎ ও জ্বালানীর সাশ্রয়ী ব্যবহার নিশ্চিত করাসহ সরকরি ক্রয়ের ক্ষেত্রে প্রয়োজনীয়তা রয়েছে শুধু এমন পণ্য বা সেবা (Need Based) ক্রয় করা সংক্রান্ত অর্থাৎ সরকারি ক্রয়ে কৃচ্ছ সাধন বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়, অর্থ মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনের প্রেক্ষিতে বাণিজ্য মন্ত্রণালয়ের ২৭ জুলাই ২০২২ তারিখে ৫৮৭ নম্বর স্মারকে জারিকৃত সিদ্ধান্তসমূহ কমিশনে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে প্রতিপালন করা হচ্ছে;<br>(খ) নির্ধারিত সময়ে কার্যালয়ে উপস্থিতিসহ বিভিন্ন সময়ে মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রাপ্ত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত অনুশাসনসমূহ যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে;<br>(গ) কোভিড-১৯ এর সংক্রমণ রোধকল্পে স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণের জন্য সর্বাবস্থায় মাস্ক পরিধানসহ স্বাস্থ্যসেবা বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশনা ১৩ দফা ও ২৮ জুন ২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত জাতীয় কারিগরি পরামর্শক কমিটির ০৬ দফা সুপারিশ বাস্তবায়নের লক্ষ্যে নির্দেশনাসমূহ কঠোরভাবে অনুসরণ অব্যাহত রাখা যেতে পারে; এবং<br>(ঘ) কোভিড-১৯ মহামারী প্রতিরোধে কমিশনে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীগণকে ভ্যাকসিন-এর ৪র্থ ডোজ গ্রহণে উদ্বুদ্ধ করার জন্য নির্দেশনা প্রদান করা যেতে পারে।<br>(ঙ) চেয়ারম্যান মহোদয় কমিশনে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীগণ সরকারি নির্দেশনা মোতাবেক যথাসময়ে অফিসে উপস্থিত থাকার বিষয়ে গুরুত্বারোপ করেন।<br>(চ) কমিশনে কর্মরত কর্মকর্তাদের নিয়মিত Facebook ও WhatsApp গ্রুপে এ Active থেকে কমিশনের কার্যক্রম আরো বেগবান করার জন্য চেয়ারম্যান অভিমত ব্যক্ত করেন।<br>(ছ) Route এর গাড়ি কোন কর্মকর্তাকে অফিসে নিয়ে আসতে না পারলে তা পূর্বেই প্রশাসন শাখা কর্তৃক সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবগত করতে হবে। | কমিশন সচিব |

সভাপতি সমাপনী বক্তব্য প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সবার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/০৮/২২

(মাহফুজা আখতার)
সভাপতি
ও
চেয়ারম্যান (সচিব)
বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন

# তথ্য আমার অধিকার
# জানতে হবে সবার

''দেশীয় শিল্পের বিকাশে
বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন
আছে পাশে''

জানবো জানাবো
তথ্যই শক্তি
দুর্নীতি রুখবো

## দেশীয় শিল্পের স্বার্থ সুরক্ষা ও বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত তথ্যের জন্য

**বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন**
১ম ১২তলা সরকারি অফিসভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০
ফোন: ২২২২২০২৪৩, ফ্যাক্স: ৮৮-০২-৯৩৪০২৪৫
ই-মেইল:chairman@btc.gov.bd
ওয়েব:www.btc.gov.bd

# বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের তথ্য সেবা গ্রহণ করুন
# দেশের শিল্প স্বার্থ সুরক্ষায় অংশীদার হওয়ার সুযোগ নিন

প্রচারে:

**বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন**

১ম ১২ তলা সরকারি অফিস ভবন

সেগুনবাগিচা, ঢাকা-১০০০

www.btc.gov.bd



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন
১ম ১২ তলা সরকারি অফিস ভবন
সেগুনবাগিচা, ঢাকা
www.btc.gov.bd

নং-২৬.০১.০০০০.০১২.২৫.০০৩.২২-৭৬৯

তারিখ: ১০ ভাদ্র ১৪২৯
২৫ আগস্ট ২০২২

**বিষয়: কমিশনের কর্মকর্তাদের তথ্য অধিকার সংক্রান্ত অভ্যন্তরীণ প্রশিক্ষণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আগামী ২৮ আগস্ট ২০২২ তারিখ রোজ: রবিবার বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের **কর্মকর্তাদের তথ্য অধিকার সংক্রান্ত অভ্যন্তরীণ প্রশিক্ষণ** নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হবে:

**সময়সূচি**

| নং | সেশন | সময় | আলোচক | প্রশিক্ষণের বিষয় |
|---|---|---|---|---|
| ১. | - | সকাল ০৮:৩০ হতে সকাল ০৯:০০ টা পর্যন্ত | | রেজিস্ট্রেশন |
| ২. | ১ম সেশন | সকাল ০৯:০০ হতে সকাল ০৯:৪৫ টা পর্যন্ত | জনাব মাহফুজা আখতার চেয়ারম্যান বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন। | উদ্বোধন ও তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ প্রশিক্ষণের গুরুত্ব বর্ণনা। |
| ৩. | | সকাল ০৯:৪৫ হতে সকাল ১০:০০ টা পর্যন্ত | চা বিরতি | |
| ৪. | ২য় সেশন | সকাল ১০:০০ টা হতে বেলা ১১:০০ টা পর্যন্ত | জনাব মরতুজা আহমদ প্রধান তথ্য কমিশনার তথ্য কমিশন | তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ সংক্রান্ত। |
| ৫. | ৩য় সেশন | বেলা ১১:০০ টা হতে বেলা ১২:০০ টা পর্যন্ত | | |

০২. উক্ত প্রশিক্ষণে যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

২৫/০৮/২০
মুহাম্মদ মিনহাজ উদ্দিন
গবেষণা কর্মকর্তা
ও
কোর্স সমন্বয়ক
বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন
ফোন নম্বর: ৪৮৩১০৮০৪
e-mail: minhaj.uddin@btc.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. অংশগ্রহণকারী কর্মকর্তাগণ, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ঢাকা **(সংযুক্ত তালিকা অনুযায়ী)**

**অনুলিপি:**

০১. জনাব মরতুজা আহমদ,প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, ঢাকা
০২. চেয়ারম্যানের একান্ত সচিব, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৩. একান্ত সহকারী টু সদস্য (বানী/আস/বাপ্র), বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ঢাকা (সদস্য মহোদয়গণের সদয় অবগতির জন্য)
০৪. পি এ টু কমিশন সচিব, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ঢাকা (কমিশন সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন
১ম ১২ তলা সরকারি অফিস ভবন
সেগুনবাগিচা, ঢাকা
www.btc.gov.bd

নং-২৬.০১.০০০০.০১২.২৫.০০৩.২২-৪২

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪২৯ / ২৭ নভেম্বর ২০২২

বিষয়: কমিশনের কর্মকর্তাদের তথ্য অধিকার সংক্রান্ত **২য় অভ্যন্তরীণ প্রশিক্ষণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আগামী ২৯ নভেম্বর ২০২২ তারিখ রোজ মঙ্গলবার বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের কর্মকর্তাদের তথ্য অধিকার সংক্রান্ত **২য় অভ্যন্তরীণ প্রশিক্ষণ** নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হবে:

**সময়সূচি**

| নং | সেশন | সময় | আলোচক | প্রশিক্ষণের বিষয় |
|---|---|---|---|---|
| ১. | - | সকাল ১০:১৫ হতে সকাল ১০:৩০ টা পর্যন্ত | | রেজিস্ট্রেশন |
| ২. | ১ম সেশন | সকাল ১০:৩০ হতে সকাল ১১:১৫ টা পর্যন্ত | জনাব মাহ্‌ফুজা আখতার চেয়ারম্যান (সরকারের সচিব) বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন | উদ্বোধন ও তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ প্রশিক্ষণের গুরুত্ব বর্ণনা। |
| ৩. | | সকাল ১১:১৫ হতে সকাল ১১:৩০ টা পর্যন্ত | চা বিরতি | |
| ৪. | ২য় সেশন | সকাল ১১:৩০ টা হতে বেলা ১২:৩০ টা পর্যন্ত | ড. মোঃ আঃ হাকিম পরিচালক (গবেষণা, প্রকাশনা ও প্রশিক্ষণ) তথ্য কমিশন | তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ সংক্রান্ত। |
| ৫. | | বেলা ১২:৩০ থেকে বেলা ০১:৩০ পর্যন্ত | মধ্যাহ্ন ও নামাজের বিরতি | |
| ৬. | ৩য় সেশন | বেলা ০১:৩০ টা হতে বেলা ০২:৩০ টা পর্যন্ত | ড. মোঃ আঃ হাকিম পরিচালক (গবেষণা, প্রকাশনা ও প্রশিক্ষণ) তথ্য কমিশন | তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ সংক্রান্ত। |

০২. উক্ত প্রশিক্ষণে যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

(মোঃ ময়েন উদ্দিন মোল্লা)
গ্রন্থাগারিক
ও
কোর্স সমন্বয়ক
বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন
ফোন নম্বর: ৪৮৩১৬১০৪
e-mail: mumolla71@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. সদস্য (বা: নী:/ আ:স:/ বা:প্র), বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ঢাকা
০২. সকল কর্মকর্তাগণ, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ঢাকা

**অনুলিপি:**

০১. ড. মোঃ আঃ হাকিম, পরিচালক (গবেষণা, প্রকাশনা ও প্রশিক্ষণ), তথ্য কমিশন, ঢাকা
০২. চেয়ারম্যানের একান্ত সচিব, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৩. একান্ত সহকারী টু সদস্য (বানী/আস/বাপ্র), বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ঢাকা (সদস্য মহোদয়গণের সদয় অবগতির জন্য)
০৪. পি এ টু কমিশন সচিব, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ঢাকা (কমিশন সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৫. নথি কপি।